

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 24-10-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

**Cabinet Decision :**

রাজ্য সরকার জনকল্যানে ও মহিলাদের আর্থিকভাবে স্বাবলম্বী করার উদ্দেশ্যে একাধিক প্রকল্প চালুর সিদ্ধান্ত নিয়েছে। রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সম্পত্তি এই সিদ্ধান্ত নেওয়া হয়। পর্যটন ও খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে জানান, রাজ্যে বসবাসকারী ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের নাগরিকদের আর্থিকভাবে স্বনির্ভর করে তুলতে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে "মুখ্যমন্ত্রী সংখ্যালঘু উন্নয়ন প্রকল্প" চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই প্রকল্প চালুর জন্য চলতি বছরের বাজেটে ১ কোটি ৫০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। প্রকল্প অনুযায়ী সংখ্যালঘু অংশের যে কোনও নাগরিককে ডেয়ারী, হাঁস ও মুরগি পালন, বা ক্ষুদ্র ব্যবসা ইত্যাদির জন্য ৫ হাজার টাকা করে দুই কিস্তিতে ১০ হাজার টাকা করে দেওয়া হবে। প্রাথমিকভাবে ১৫০০ জন সুবিধাভোগীকে এই অর্থসাহায্য করা হবে।

তাছাড়া রাজ্য সরকার, মহিলা ক্ষমতায়নে ও মহিলাদের স্বাবলম্বী করে তোলার উদ্দেশ্যে শিল্প বানিজ্য দপ্তরের মাধ্যমে → উইমেন এন্টারপ্রেনিউরশীপ পলিসি" ("Women Entrepreneurship Policy") চালুর সিদ্ধান্ত নিয়েছে। এই পলিসি অনুযায়ী মহিলারা কোনও উদ্যোগ গড়ে তোলার জন্য সর্বোচ্চ ১ কোটি টাকা খণ্ড পাবেন। রাজ্যে ৮২ হাজার লাখপতি দিদি বা স্ব-সহায়ক গোষ্ঠীও এই খণ্ড পেতে পারেন। তিনি জানান, সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের মাধ্যমে "মুখ্যমন্ত্রী বালিকা সমৃদ্ধি যোজনা" চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই যোজনায় অন্ত্যেদয় পরিবারের সর্বোচ্চ দুই কল্যা সন্তানের জন্য ১৮ বছর পূর্ণ হওয়া পর্যন্ত ৫০ হাজার

টাকার ফিল্ড ডিপোজিট বা স্থায়ী আমানত করে দেবে। কল্যাসন্তানদের বয়স ১৮ বছর পূর্ণ হলে এই টাকা বিবাহ বা উচ্চ শিক্ষার কাজে ব্যয় করা যাবে।

খাদ্যমন্ত্রী আরো জানান, সোনামুড়ার নলচূড়ে একটি মহিলা মহাবিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী শিক্ষাবর্ষ থেকে সেখানে পঠন পাঠন শুরু করার উদ্যোগ নেওয়া হবে।

তিনি জানান, রাজ্য মন্ত্রিসভার বৈঠকে রাজ্য বিদ্যুৎ নিগমে ১০৮ জন ডিপ্রি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারকে ম্যানেজার পদে নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইলেক্ট্রিক্যালে ২৪ জন, মেকানিক্যালে ৪ জন এবং সিভিল ইঞ্জিনিয়ার ডিপ্রিধারী ৮ জনকে প্রেড "এ" হিসাবে এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারের প্রেড "বি" হিসাবে ইলেক্ট্রিক্যালে ৫৮ জন, মেকানিক্যালে ২ জন ও সিভিল ইঞ্জিনিয়ার পদে ৮ জনকে নিয়োগ করা হবে।

\*\*\*\*\*

### **Union cabinet decision :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা অষ্টম কেন্দ্রীয় বেতন কমিশনের শর্তাবলী অনুমোদন করেছে। নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে মন্ত্রিসভার বৈঠকের পর গতকাল সংবাদমাধ্যমকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈঞ্চব বলেন, কমিশন গঠনের তারিখ থেকে ১৮ মাসের মধ্যে সুপারিশ পেশ করা হবে। তিনি জানান, কমিশনে একজন চেয়ারপারসন, একজন আংশিক সময়ের সদস্য এবং একজন সদস্য-সচিব থাকবেন। এছাড়া মন্ত্রিসভা ২০২৫-২৬ রবি মরশুমের জন্য ফসফরাস এবং পটাসিয়াম সারের উপর পুষ্টি-ভিত্তিক ভর্তুকির হারও অনুমোদন করেছে। শ্রী বৈঞ্চব বলেন, মন্ত্রিসভা ২০২৫ রবি মরশুমের জন্য প্রায় ৩৭ হাজার ৯৫২ কোটি টাকার ভর্তুকি অনুমোদন করেছে এবং এই হার ১লা অক্টোবর থেকে প্রযোজ্য। তিনি আরও বলেন, এই উদ্যোগ কৃষকদের জন্য ভর্তুকিযুক্ত, সাশ্রয়ী এবং

যুক্তিসংত মূল্য সারের সহজলভ্যতা নিশ্চিত করবে। তিনি আরও বলেন, সারের আন্তর্জাতিক মূল্য এবং এর উপকরণের সাম্প্রতিক প্রবণতা বিবেচনা করে ফসফরাস এবং পটাসিয়াম সারের উপর ভর্তুকি যুক্তিসংত করা হয়েছে।

\*\*\*\*\*

### **President to visit Ambala today:**

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু আজ হরিয়ানার আম্বালা সফর করবেন। সেখানে তিনিযুদ্ধ বিমান রাফালে চড়ার অভিজ্ঞতা অর্জন করবেন। তিনি শেষবার ২০২৩ সালের এপ্রিলে আসামের তেজপুর বিমান ঘাঁটিতে স্থুখোই ৩০ এমকেআই যুদ্ধবিমানে চড়েছিলেন।

\*\*\*\*\*

### **Koyla shakti:**

কেন্দ্রীয় কয়লা ও খনি মন্ত্রী জি কিষাণ রেজিড আজ নয়দিনিতে একটি স্মার্ট কয়লা বিশ্লেষণ ড্যাশবোর্ড, কয়লা শক্তির উদ্বোধন করবেন। কয়লা মন্ত্রক জানিয়েছে, ড্যাশবোর্ডটি কয়লা খাতের কার্যক্রমের রিয়েল-টাইম পর্যবেক্ষণ এবং বিশ্লেষণের জন্য একটি সমন্বিত প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে যা সেক্টর জুড়ে কর্মক্ষম স্বচ্ছতা এবং দক্ষতা জোরদার করবে।

\*\*\*\*\*

### **Tripex -2025 to begin today :**

আগরতলার নজরুল কলাক্ষেত্রে ভারতীয় ডাক বিভাগের উত্তর-পূর্বাঞ্চলীয় সার্কেল স্তরের ডাক টিকিট প্রদর্শনী ‘ট্রাইপেক্স-২০২৫’ আজ সকাল দশটা থেকে শুরু হবে। চলবে ৩১শে অক্টোবর পর্যন্ত। ডাকটিকিট প্রেমীদের জন্য আগরতলায় বিশেষ আয়োজন এইট্রাইপেক্স- ২০২৫। প্রদর্শনীর মূল উদ্দেশ্য হলো ডাকটিকিট

সংগ্রহের প্রতি সাধারণ মানুষের আগ্রহ বাড়ানো, নতুন প্রজন্মের মধ্যে ডাক বিভাগের ইতিহাস ও গ্রন্থিত্ব সম্পর্কে সচেতনতা তৈরী করা এবং ডাক টিকিট কেন্দ্রিক সংস্কৃতিকে জনপ্রিয় করে তোলা।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*